

কর্নফুলী'র কথা

প্রবাসে শত ব্যস্ততার মধ্যেও এখনো অবসরে অথবা নির্জনে একাকী আমাদের অনেকের মন উড়ে যায় বাংলা মা'য়ের কাছে। মানসপটে বিচরণ করতে থাকি স্বর্গীয় স্মৃতির গাঢ় সবুজ চারণভূমিতে। এ ভ্রমণ হয় তড়িৎ গতিতে, অগ্রিম বুকিং দিয়ে টিকেটের জন্য স্লথ গতির সারীতে দাঁড়ানোর কোন বলাই নেই এতে। কিন্তু গভীর ভাবনা-সাগর এর সৈকতে অবগাহন শেষে গালগন্ডে দু'ফোটা জল আবিষ্কার করে যে তৃপ্তি আমরা প্রবাসীরা পাই তা বুঝি বড়ই অমূল্য। আকাশ ভ্রমণে দ্রাক্ষারস হাতে চারিধারে ঘিরে থাকা হ্রপরী সম অল্পরা বিমানবালাদের স্বর্গীয় সেবাও বুঝি সে তৃপ্তির কাছে বড় নগণ্য। জন্মভূমী ও জননীর মতো এতো সুন্দরী ও পবিত্র বুঝি এ জগতে আর কেউ নেই।



নিজেদের বিবেক ও নৈতিকতার কাছে দায়বদ্ধতা নয় বরং মনের অতৃপ্তি ও আদ্রতাহীন শূন্যতা প্রবাসে আমাদের কয়েকজনকে সর্বদা বাংলার সাহিত্য, কৃষ্টি ও সংস্কৃতির প্রতি তাড়িত করছিল প্রতিনিয়ত। আর সে তাড়নাতেই আমরা কয়েকজন সমমনা ও সাহিত্যপ্রেমী এ কর্নফুলি পত্রিকাটি আন্তর্জালের মাধ্যমে প্রকাশে এগিয়ে আসি। আমাদের পত্রিকার পাঠকরাই আমাদের লেখক। তাদের লেখা, মতামত



ও উপদেশের মাধ্যমে ধীরে ধীরে কর্নফুলি তার উৎকর্ষতা ও নিপুণতা লাভ করবে। কর্নফুলি প্রকাশনার এক বছর পূর্তিতে বিশ্বের বিভিন্নান্চল থেকে ৩৬৫ দিনে প্রাপ্ত শ্রেষ্ঠ ও আলোচিত লেখাগুলোর সমন্বয়ে একটি সংকলন বই আকারে ফীবছর ছাপানো হবে। যেখানেই থাকুক না কেন, কর্নফুলির নিয়মিত লেখক/লেখিকারা ডাকযোগে বইটি অবশ্যই আমাদের কাছ

থেকে উপহার হিসেবে তা পাবেন।

যতটুকু সম্ভব ভিন জাতীয় শব্দ ও অক্ষর গুলোকে এড়িয়ে শুধুমাত্র বাংলা শব্দে আমাদের কর্নফুলীকে অলংকৃত করে রাখতে চাই। কর্নফুলী'র দুটি বিশেষ অংশ অডিও ভিত্তিক থাকছে, যার একটি এ মাসের **ছন্দসূর** এবং অন্যটি এ মাসের **ছন্দপাঠ**। পেশাদারী শিল্পি বা আবৃত্তিকার নয় বরং স্বল্পপরিচিত

ও সৈখীন ব্যক্তিদেব এ দুটি অংশেব মাধ্যমে পাঠক সমাজে পরিচয় কবিয়ে দেয়াই আমাদেব উদ্দেশ্য। বিশ্বেব যেকোন গ্রান্ত থেকে যে কেউ কণ্ঠ দিয়ে এ দুটি বিভাগে অংশগ্রহন করতে পারে। আমাদেব উদ্দেশ্য, রাজনৈতিক বেড়া ডিঙ্গিয়ে বিভক্ত দু'বাংলাব অবিভক্ত সাহিত্য ও কৃষ্টিকে এক পাত্রে সাজিয়ে তা বিশ্বেব বাংলাভাষদেব কাছে উপস্থাপন করা। পাঠক/লেখকদেব সাহিত্য চর্চা ও আমাদেব নিয়মিত পরিচর্যাতে কৰ্নফুলী দিনে দিনে তাব আয়ু বৃদ্ধি পাবে বলে আমরা আশা কবি। ধন্যবাদ।

